

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشِّدَّةِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَمَّادٍ، حَدَّقَنَا شُعْبَةُ، عَنْ سُلَيْمَانَ، عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ، عَنْ حُرَيْتِ بْنِ ظُهَيْرٍ، قَالَ: أَحْسَبُ أَنَّ عَبْدَ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: " قَدْ أَتَى عَلَيْنَا زَمَانٌ وَمَا نُسْأَلُ، وَمَا نَحْنُ هُنَاكَ، وَإِنَّ اللَّهِ قَدَّرَ أَنْ بَلَغْتُ مَا تَرَوْنَ. فَإِذَا سُئِلْتُمْ عَنْ شَيْءٍ، فَانْظُرُوا فِي وَمَا نَحْنُ هُنَاكَ، وَإِنَّ اللَّهِ قَدَّرَ أَنْ بَلَغْتُ مَا تَرَوْنَ. فَإِذَا سُئِلْتُمْ عَنْ شَيْءٍ، فَانْظُرُوا فِي كِتَابِ اللَّهِ عَنَّ وَجَلَّ فَفِي سُنَّةِ رَسُولِ اللَّهِ، فَإِنْ لَمْ تَجِدُوهُ فِي كِتَابِ اللَّهِ عَنَّ وَجَلَّ فَفِي سُنَّةِ رَسُولِ اللَّهِ، فَإِنْ لَمْ تَجِدُوهُ فِي سُنَّةٍ رَسُولِ اللَّهِ، فَإِنْ لَمْ يَكُنْ فِيمَا أَجْمَعَ عَلَيْهِ فِي سُنَّةٍ رَسُولِ اللَّهِ، فَمَا أَجْمَعَ عَلَيْهِ الْمُسْلِمُونَ، فَإِنْ لَمْ يَكُنْ فِيمَا أَجْمَعَ عَلَيْهِ الْمُسْلِمُونَ، فَإِنْ الْمَسْلِمُونَ، فَإِنْ الْحَلَالَ بَيِّنٌ، وَالْحَرَامَ بَيِّنٌ، وَالْحَرَامَ بَيِّنٌ، وَالْحَرَامَ بَيِنٌ، وَالْحَرَامَ بَيِّنٌ ذَلِكَ أُمُورٌ مُشْتَبِهَةٌ، فَدَعْ مَا يَرِيبُكَ إِلَى مَا لَا يَرِيبُكَ

বাংলা

১৭১. হুরাইছ বিন জুহাইর হতে বর্ণিত, তিনি বলেন, আমার ধারণা, আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: আমাদের জীবনে এমন একটি সময় অতিবাহিত হয়েছে, যখন আমরা কোন বিষয়ে জিজ্ঞাসিত হতাম না, আর সে অবস্থাও আমাদের ছিল না। এরপর মহান আল্লাহ (আমাদেরকে) এ অবস্থার যোগ্য করে তুললেন এবং সেই অবস্থায় পৌঁছে দিলেন, যেখানে তোমরা আজকে আমাকে দেখছ। কাজেই তোমাদেরকে কোন বিষয়ে জিজ্ঞাসা করা হলে তোমরা আল্লাহ-এর কিতাবে তা খুঁজে দেখো। যদি বিষয়টি আল্লাহর কিতাবে (খুঁজে) না পাও, তবে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম্-এর সুন্নাতে তা তালাশ কর। আর যদি বিষয়টি রাস্লুল্লাহ'র সুন্নাতেও না পাও, তবে সে বিষয়ে মুসলিমগণের (সাহাবীদের) ইজমা (ঐকমত্য) তালাশ করবে। যদি সেই বিষয়ে মুসলিমগণের ইজমা না পাও, তবে কেবল তখনই তুমি তোমার আপন মতামতের ভিত্তিতে ইজতিহাদ করতে পার। এমন বলো না যে, 'আমি ভয় পাচ্ছি ও শংকিত হচ্ছি'। কেননা, হালাল স্পষ্ট করে দেয়া হয়েছে এবং হারামও স্পষ্ট করে দেয়া হয়েছে। এতদুভয়ের মাঝে রয়েছে সন্দেহজনক বিষয়সমূহ। সুতরাং তোমাকে যা সন্দেহে পতিত করে, তা তুমি পরিত্যাগ করে সেই বিষয় অবলম্বন কর যা তোমাকে সন্দেহে পতিত করে না।[1]



ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জায়্যেদ (উত্তম)।

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/২০১। পূর্ণাঙ্গ তাখরীজের জন্য দেখুন পূর্বের হা/১৬৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন